

অনার্স কোর্সে ছাত্র ভর্তির
অনুমোদন পেল নাজির
আখতার কলেজ

■ সোনাতলা (বগড়া) সংবাদদাতা
বগড়ার সোনাতলা সরকারি নাজির
আখতার কলেজ ৬টি বিষয়ে অনার্স
কোর্স (স্নাতক সন্মান) শ্রেণিতে ভর্তির
অনুমোদন পেয়েছে। এবার
প্রথমবারের জন্য রিলিজ স্লিপের
মাধ্যমে স্নাতক (সন্মান) শ্রেণি প্রথম
বর্ষে (শিক্ষাবর্ষ ২০১৪-১৫, কলেজ
কোর্ড-২৭০৩) ভর্তি হওয়া যাবে।
ইতোমধ্যে ভর্তি কার্যক্রম চলাছে। ৬টি
বিষয় হলো বাংলা, অর্থনীতি,
রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও
সংস্কৃতি, ব্যবস্থাপনা এবং
হিসাববিজ্ঞান। এ কলেজে অনার্স কোর্স
চালুর বিষয়টি সোনাতলাবাসীর
দীর্ঘদিনের প্রাণের দাবি ছিল।
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুরের
জাইস চ্যান্সেলর স্বাক্ষরিত ৬টি বিষয়ের
প্রতিটি বিষয়ে ৫০টি করে আসনে
ভর্তির অনুমতি দেয়া হয়েছে।